



বঙ্গভবনে প্রধান বিচারপতির রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ



সংগৃহীত ছবি

প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে সৌজন্য সাক্ষাতে মিলিত হয়েছেন। এ সময় প্রধান বিচারপতি দেশের বিচার বিভাগের সামগ্রিক কার্যক্রম এবং বিচারিক প্রক্রিয়ার বর্তমান চিত্র রাষ্ট্রপতিকে বিশদভাবে তুলে ধরেন। রাষ্ট্রপতি বিচার ব্যবস্থার স্বাধীনতা ও নিরপেক্ষতা বজায় রাখা এবং দক্ষতা বাড়ানোর গুরুত্ব উল্লেখ করেন। তিনি প্রধান বিচারপতির ন্যায়বিচার নিশ্চিতকরণে ধারাবাহিক সফলতা কামনা করেন এবং বিচার বিভাগের উন্নয়নে রাষ্ট্রপতির কার্যালয়ের পক্ষ থেকে সম্ভাব্য সহায়তার প্রতিশ্রুতি দেন। সাক্ষাতে রাষ্ট্রপতির কার্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

LENS ASIA